
# বোরহান উদ্দিন আহমদ এর দু'টি কবিতা

## হাজার জনমের ভালবাসা



তোমার গোলাপ বীথি
ফুলে ফুলে ভরা।
একটি গোলাপ গাছে
হাজারো গোলাপে আমি মুগ্ধ।
বৃক্ষ জুড়ে হাজারো গোলাপের ভালবাসা।
সৌন্দর্য এমন হৃদয় জুড়ানো
ভালবাসা এমন হৃদয় জুড়ানো
জীবন এমন ভালবাসায় ভরা।
প্রিয়তমা, আমি তোমার কাছে
একটি গোলাপ চেয়েছিলাম
তুমি হাজার গোলাপ দিলে।
আমি এক জনমের ভালবাসা চেয়েছিলাম
তুমি হাজার জনমের ভালবাসা দিলে ।
প্রিয়তমা, তুমি আমার হাজার গোলাপ
তুমি আমার হাজার জনমের ভালবাসা।

## মেলবোর্নের ট্রামের সহযাত্রী



দেহের ভাষায় করুন কী কথা বলো?
জীবন চলছে জীবনের মতো।
খোলা পিঠ খোলা উরু খোলা পা
করুন কী কথা বলো?
পাশে তরুণ সঙ্গী
চোখের ছায়ায় ব্যথা
মুখে তবু হাসি
করুন কী কথা বলো?
প্রেমই জীবন  তাই প্রেম খুঁজে ফিরো
করুন কী কথা বলো?
দেহের ভাষায় করুন কী কথা বলো?